ঢাকা ওয়াসা

(১) এফ.এম. বিভাগ-২ এর ২০২৫-২৬ ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।

(২) পিরিয়ডিক্যাল মেইনটেইন্যান্সের জন্য কমিটি কর্তৃক সুপারিশমালার কপি।

(৩) অনুমোদিত দর ও রেটসিডিউলের কপি।

(৪) কাজের প্রতিবেদন।

(৫) আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Repair-maintenance of HT/LT cable fault with related services under MODS Circle-2, DWASA (Lot-2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক নং গুলি সদয় দেখা যেতে পারে। মড্স সার্কেল-২ এর আওতাধীন ৬৯০টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষনাবেক্ষন কাজ দিবা-রাত্রি এফ.এম. বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। উল্লেখ্য ঢাকা ওয়াসার সকল পাম্প ষ্টেশনে একটি করে আউটডোর টাইপ সাবষ্টেশন রয়েছে। কিছু কিছু পাম্প ষ্টেশনে বৈদ্যুতিক ডুয়েল সোর্স থাকায় ২টি করে সাবষ্টেশন বিদ্যমান। সাবষ্টেশনগুলির নিয়মিত রিপেয়ার মেইনটেনেন্স কাজ বিভাগীয় জনবল দ্বারা করা হয়ে থাকে। পোল থেকে সাব-স্টেশন পর্যন্ত এইচ.টি. লাইন রাস্তার নিচে মাটির গভীর দিয়ে লেয়িং করা হয়ে থাকে। প্রায় সকল রাস্তাই পাকা (সি.সি/আর.সি.সি) থাকে এবং পুরাতন লেয়িং কৃত লাইন গুলো সিটি কর্পোরেশন ড্রেন ও অনেক ক্ষেত্রে বাসা-বাড়ির বা বাউন্ডারির নিচেও হয়ে থাকে। সেক্ষেত্রে, সাবষ্টেশনে এইচ.টি. ক্যাবল ফল্ট হলে তা নিরুপন করা ও নিরুপন করে মেরামত কাজ অত্যন্ত সময় সাপেক্ষ, জটিল এবং কষ্টসাধ্য হওয়ায় তা অনেক সময়ই বিভাগীয় জনবল দ্বারা মেরামত করা সম্ভব হয়ে ওঠে না। কিন্তু, সাব-স্টেশনে এইচ.টি. ফল্ট সংঘটিত হলে উক্ত সাব-স্টেশনের আওতায় পাম্পসমূহ বেশি সময় বন্ধ থাকলে এলাকায় পানির সংকট দেখা দেয়ার সম্ভাবনা থাকে বিধায় এইচ.টি. ফল্ট নিরুপন ও ফল্ট মেরামত করে লাইন চালু করণ কাজ অত্যাবশ্যকীয় ও জরুরি ভিত্তিতে করার প্রয়োজন হয়। সে প্রেক্ষিতে বিভিন্ন পাম্প ষ্টেশনে সংঘটিত হওয়া এইচ.টি. ফল্ট হতে বিভাগীয় লোকবলের সাধ্যাতিরিক্ত ২৫(পঁচিশ)টি এইচ.টি. ফল্ট মেরামত কাজ ঠিকাদারের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। উল্লেখ্য যে, ঢাকা ওয়াসার পাম্প-মোটর, ভিএফডি, সাবস্টেশনসহ পাম্প হাউজে বিদ্যমান সকল যন্ত্রপাতির দীর্ঘায়ু ও নিরাপত্তা নিশ্চিত করনে গঠিত কারিগরী কমিটি এবং ডেসকো কর্তৃক ঢাকা ওয়াসার পাম্প স্টেশনের বৈদ্যুতিক স্থাপনায় বছরে কমপক্ষে ১(এক) বার যথাযথ প্রিভেন্টিভ মেইনটেন্যান্স করার জন্য জোর সুপারিশ রয়েছে। সেক্ষেত্রে, বিভিন্ন পাম্প স্টেশনে বিভিন্ন সময়ে সংঘটিত হওয়া এইচ.টি. ফল্ট নিরুপণ ও ফল্ট মেরামত কাজটি করা হলে পানি সংকট নিরসনে ফলপ্রসু সুফল পাওয়া যাবে। এতদ্লক্ষ্যে, পিডব্লিউডি রেট সিডিউল দর এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে আলোচ্য কাজের একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে =৯,৯৭,৮১৭.৬৮৭/- (নয় লক্ষ সাতানব্বই হাজার আটশত সতেরো দশমিক ছয় আট সাত টাকা) মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানির পাম্প রক্ষনাবেক্ষণ খাতের ক্রমিক নং-৪৫ (প্যাকেজ নং- PW-38) এ LTM, e-GP মাধ্যমে অর্ন্তভূক্ত করা আছে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

০২। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) মাধ্যমে দরপত্র আহবান করা যেতে পারে। আলোচ্য কাজে Procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, এফ.এম. বিভাগ-২ দায়িত্ব পালন করবেন।

CamScanner

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Repair maintenance of HT/LT cable fault with related services under MODS Circle-2, DWASA কাজে উপস্থাপিত মোট =৯,৯৭,৮১৭.৬৮৭/- (নয় লক্ষ সাতানব্বই হাজার আটশত সতেরো দশমিক ছয় আট সাত মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP)-তে দরপত্র আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

22/10/25
সজল মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

AE
22/10/25
মোঃ আমিনুল হক
সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

EE
22/10/2025
(শেখ আরিফ রহমান ...)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

SE/RPE&M
23.10.2025
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সা...
ঢাকা ওয়াসা।

CE
29/10/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD(O&M)

০৪। কাজের প্রয়োজনীয়তা, প্রাক্কলন এবং বিগত বছরসমূহে একই মেরামত/কাজ করা হয়েছে কিনা তা যাচাই অন্তে মতামত প্রয়োজন। টাস্কফোর্স-১ এর মতামতের জন্য নথি প্রেরণ করা হলো।

১০/১১/২৫
মোঃ মুস্তাফিজুর রহমান
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা।

সদস্য সচিব
টাস্কফোর্স-২

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহবায়ক
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

03.12.2025

বাণিজ্যিক ব্যবস্থাপকের দপ্তর
স্মারক নং
তাং
ঢাকা ওয়াসা

ঢাকা ওয়াসা

০৬। নথিতে উপস্থাপিত সংযুক্তি ক্রমিক নং ১ হতে ৫ যাচাই-বাছাই করা হল এবং কাজের ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করা হল। এফ এম বিভাগ-২ ঢাকা শহরের ৬৯০টি গভীর নলকূপের ইলেক্ট্রো-মেকানিক্যাল রক্ষণাবেক্ষণের কাজ করে থাকে। বেশিরভাগ গভীর নলকূপের HT/LT ক্যাবল কয়েক বছর ধরে ব্যবহৃত হয়ে আসছে বিধায় সারা বছরই কোন না কোন গভীর নলকূপের HT/LT ক্যাবলে সমস্যা দেখা দেয়। এর ফলে পানির উৎপাদন ব্যাহত হয়। তাই ক্যাবলের সমস্যা দ্রুত সমাধান করা জরুরী। এটি এফএম বিভাগের একটি নিয়মিত corrective maintenance work, যা সারা বছর ধরে চলমান থাকে। উক্ত কাজ বিগত বছরেও করা হয়েছে এবং প্রতি বছরই করা প্রয়োজন, যাতে যে কোন সময় যে কোন গভীর নলকূপের ক্যাবলে সমস্যা দেখা দিলে তা দ্রুত সময়ে সমাধান করা যেতে পারে এবং পানি সমস্যার সমাধান করা যায়। আলোচ্য কাজের প্রাক্কলন যাচাই বাছাই করে দেখা যায় যে, প্রাক্কলনটি PWD rate schedule এবং পূর্বানোমোদিত দর মোতাবেক প্রস্তুত করা হয়েছে এবং কাজের পরিমাণ যুক্তিসঙ্গত। এই অবস্থায় কাজটি করার অনুমোদন দেয়া যেতে পারে।

পরবর্তী কার্যক্রমের জন্য নথিটি প্রেরণ করা হল।

Member-Secretary Task Force-2

আহবায়ক, টাস্কফোর্স-2

০৭/১২/২৫
মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।
ও সদস্য
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

09.12.2025
এস.এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ
ও সদস্য সচিব
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

10/12/25
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহবায়ক
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

SE, RPE&M

14.12.25
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

EE/FM-2

০৭। নোট অনুচ্ছেদ নং-০৬ সদয় দেখা যেতে পারে। "Repair maintenance of HT/LT cable fault with related services under MODS Circle-2, DWASA (Lot-2)" কাজটি সম্পাদনের জন্য টাস্কফোর্স টিম-২ সদয় মতামত প্রদান করেছেন। প্রদত্ত মতামতের আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Repair maintenance of HT/LT cable fault with related services under MODS Circle-2, DWASA (Lot-2)" কাজে উপস্থাপিত মোট =৯,৯৭,৮১৭.৬৮৭/- (নয় লক্ষ সাতানব্বই হাজার আটশত সতেরো দশমিক ছয় আট সাত মাত্র) টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP)-তে দরপত্র আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

17/12/25
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াসা

১৭/১২/২৫
মোঃ আমিনুল হক
সহকারী প্রকৌশলী
এফ.এম বিভাগ-২, ঢাকা ওয়াসা

EE
17/12/2025
(শেখ আরিফ রহমান জিতু)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

SE/RP&EM
17.12.2025
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

CE (পরিকল্পনা)
DMD (O&M)/MD

22/12/2025
মোঃ আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ও
প্রতিকল্প কর্মকর্তা
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
ঢাকা ওয়াসা।

অনুমোদিত
০৩/০২/২০২৬
ব্যবস্থাপনা পরিচালক

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।